# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** — বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

**১.** ▶ সর্বজয়া বলে "ছেলেটার কাপড় নেই— দু'তিন জায়গায় সেলাই, বাছা— আমার তাই পরে হাসিমুখে নেচে নেচে বেড়ায়— আমার এমন হয়েচে যে ইচ্ছে করে একদিকে বেরিয়ে যাই" কিন্তু পারে না। মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. 'কবিরাজ নয়, কবি' —বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপক ও 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা কর। ৩

ঘ. 'মাটির ভেতর শিকড় অনেক দূর চলে গেছে'— উদ্দীপক ও 'নিমগাছ' গল্প অনুসারে বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ নববর্ষ বা পহেলা বৈশাখ বাংলাদেশের একমাত্র অসাম্প্রদায়িক উৎসবে পরিণত হলেও তা কিন্তু নগরকেন্দ্রিক। আর এ উৎসবের প্রবক্তা কৃষক এখানে অস্তিত্বহীন। আজ সময় হয়েছে সমস্ত পেশা-কর্মজীবী মানুষের মধ্যে বৈশাখি চেতনা ছড়িয়ে দেওয়ার। তাহলেই বাঙালির নববর্ষ বাঙালির থাকবে। আর সাংস্কৃতিক চেতনার বীজ কিন্তু নিহিত থাকে নিজস্ব সংস্কৃতিতেই।

ক. 'নওরোজ' এর অর্থ কী? ১

খ. 'ধর্মনিরপেক্ষ চেতনা' বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের প্রকাশিত দিকটি আলোচনা কর। ৩

ঘ. 'সাংস্কৃতিক চেতনার বীজ নিহিত থাকে নিজস্ব সংস্কৃতিতে'— মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ রাষ্ট্রবিজ্ঞানী সরদার ফজলুল করিম বলেন— মনুষ্যত্বের বিচারে ছোট-বড়, উঁচু-নিচু কোনো ভেদ নেই। সবাই মানুষ, সবার অধিকার সমান। ধনী-দরিদ্রের ভেদাভেদপূর্ণ সমাজ দিয়ে কখনোই উন্নত ও মর্যাদাবান রাষ্ট্র গঠন সম্ভব নয়। তাই আমাদের আদর্শ জাতিতে পরিণত হতে হলে সমস্ত শ্রেণিকে সমমর্যাদা প্রদান করতে হবে।

ক. সংকোচ জড়তা কাদের স্বভাব? ১

Teachingbd.com

খ. আমাদের দেশে জনশক্তি বা গণতন্ত্র গঠিত হতে পারছে না কেন? ২

গ. উদ্দীপকটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের এক বিশেষ দিক নির্দেশ করছে– আলোচনা কর। ৩

ঘ. 'আদর্শ রাষ্ট্র বা আদর্শ জাতি গঠনে সর্বশ্রেণির মানুষকে সমমর্যাদা প্রদান করতে হয়'– মূল্যায়ন কর। ৪

৪.▶ বাবার আদরের বড় মেয়ে রমিছা। তার বিয়ে হয় পাশের গ্রামের করিমের সাথে। করিম কাজকর্ম তেমন করে না, তার ওপর জুয়া খেলে। সে জুয়ার টাকার জন্য তার স্ত্রীকে বাবার বাড়ি পাঠায়। টাকা না পেলে রমিছাকে মারধর করে। এতে অতিষ্ঠ হয়ে রমিছা বাবার বাড়ি চলে আসে। তারপর এলাকার দুস্থ মেয়েদের নিয়ে একটি সমিতি গঠন করে তাদের স্বনির্ভরতার কার্যক্রম শুরু করে।

ক. রামসুন্দরের জ্যেষ্ঠ পুত্রের নাম কী? ১

খ. 'বর্তমান শিক্ষার বিষময় ফল' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. নিরুপমার সাথে রমিছার পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ. সমাজচিত্র এক হলেও নিরুপমা ও রমিছার পরিবেশ-পরিস্থিতি ভিন্ন। এর যথার্থতা নিরূপণ কর। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ বাংলার নদী কি শোভাশালিনী
কি মধুর তার কূল কূল ধ্বনি
দু'ধারে তাহার বিটপির শ্রেণি
হেরিলে জুড়ায় হিয়া

ক. মাইকেল মধুসূদন দত্ত কোন ছন্দের প্রবর্তন করেন? ১

খ. 'এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মূলভাবের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের সাদৃশ্য বর্ণনা কর। ৩

ঘ. 'কপোতাক্ষ নদ' কবিতার পরিণতির দিকটি উদ্দীপকে অনুপস্থিত– বিশ্লেষণ করো। ৪

৬.▶ গ্রীষ্মের দাবদাহে এদেশের চিরশান্ত প্রকৃতি ধারণ করে রুদ্র-ভয়াল রূপ। মাঠ-ঘাট খাঁ-খাঁ করে, খাল-বিল শুকিয়ে যায়। আকাশে কালো মেঘের দল ভেসে বেড়ায়। পৃথিবীকে সিক্ত করতে আসে বর্ষা। রৌদ্রদগ্ধ প্রকৃতি শ্যাম সমারোহে ভরে ওঠে।

Teachingbd.com

ক. তৃষ্ণিত বনের সাথে মানুষেরও কী জেগে ওঠে? ১

খ. বিদ্যুৎকে কেন রূপসী পরীর সাথে উপমায়িত করা হয়েছে? ২

গ. উদ্দীপকে 'বৃষ্টি' কবিতার সাদৃশ্যপূর্ণ অংশটুকু আলোচনা কর। ৩

ঘ. বৃষ্টির দিনে মানুষও রসসিক্ত হয়ে ওঠে। কিন্তু উদ্দীপকে তা কী রূপে প্রকাশিত হয়েছে? বিচার কর। ৪

৭. ▶ ডাকে তোরে চিৎলোল উৎরোল সিন্ধু
মেঘহানে জুইফুলী বৃষ্টি ও-অঙ্গে,
চুমা-চুমকির হারে চাঁদ ঘেরে রঙ্গে,
ধুলা-ভরা দ্যায় ধরা তোর লাগি ধর্ণা।

ক. ঝর্ণা কীসের গান গায়? ১

খ. 'আমরা চাই মুগ্ধ চোখ'— বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'ঝর্ণার গান' কবিতার মিলগত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সুন্দরের তৃষ্ণা যার, আমার ধাই তার আশেই'— উদ্দীপক ও 'ঝর্ণার গান' কবিতার আলোকে যাচাই কর। ৪

## গ অংশ — সহপাঠ

৮. ▶ মুর্দা ফকিরের স্ত্রী-পুত্র-কন্যা ১৯৪৩ সালের দুর্ভিক্ষে খাবার, চিকিৎসা না পেয়ে মারা যায়। লাশগুলোকে কেউ কবর দেয়নি, তাই শেয়াল কুকুরে খেয়েছে। সেই থেকে মুর্দা ফকির পাগল। সে সব সময় কবর স্থানে থাকে যাতে মরার সময় হলে টুপ করে যেকোনো কবরে ঢুকে শুয়ে থাকতে পারে। ভাষা শহীদদের গণকবর দিতে গভীর রাতে পাকিস্তান সরকারের দোসররা কবরস্থানে আসলে মুর্দা ফকির তীব্র প্রতিবাদ করে।

ক. বুধার সাথে হরিকাকুর কোথায় সাক্ষাৎ হয়? ১

খ. সৈনিকগুলোর ভীষণ ফূর্তি কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর পার্থক্য তুলে ধর। ৩

ঘ. মুর্দা ফকিরের প্রতিবাদী চেতনা 'কাকতাড়ুয়া' উপন্যাসে কার চরিত্রে প্রতিফলিত হয়? যৌক্তিক উত্তর উপস্থাপন কর। ৪

৯. ▶ জহির সাহেব গ্রীষ্মের ছুটিতে স্ত্রী-সন্তানদের নিয়ে গ্রামের বাড়ি যাচ্ছিলেন। পথে দূর্ঘটনায় স্ত্রী ও দুই ছেলে মারা যায়। আপনজনদের হারিয়ে শোকে পাথর হয়ে যান তিনি। কাঁদতে পারেন না। চাকরি-বাকরি ছেড়ে পথে পথে ঘুরে বেড়ান। এখন সবাই তাঁকে পাগল বলে।

Teachingbd.com

ক. ভীতুর ডিম কে? ১

খ. ভয় বুধাকে কাবু করতে পারে না কেন? ২

গ. উদ্দীপক কোন দিক দিয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাথে সামঞ্জস্যপূর্ণ, ব্যাখ্যা কর। ৩

ঘ. "জহির সাহেবের পাথর হয়ে যাওয়া আর বুধার শক্ত হয়ে যাওয়ার ঘটনা যেন একইসূত্রে গাঁথা"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ঘ-অংশ—সহপাঠ (নাটক অংশ)

১০.▶ রাজিয়া গ্রামের স্কুলে পড়ে। তার পিতা গ্রামের টাকাওয়ালা ব্যবসায়ীর সাথে তার বিয়ে ঠিক করে। পিতার বয়সী ব্যবসায়ীকে বিয়ে করতে চায় না রাজিয়া। সে তার বাবাকে বাল্যবিবাহের কুফল সম্পর্কে বোঝাতে গিয়ে ব্যর্থ হয়। অবশেষে বৃদ্ধ ব্যবসায়ীর সাথে রাজিয়ার বিয়ে হয়।

ক. পির সাহেবের বদ্‌দোয়াকে কে ভয় করে? ১

খ. জমিদার হাতেম আলির মনে শান্তি নেই কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাজিয়ার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বৈসাদৃশ্য তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের আংশিক ভাব ধারণ করে। উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১.▶ নছির উদ্দিন কৃপণ মানুষ। তার বড় মেয়ে আসমা। পরিবারের কর্তা হিসেবে নছির উদ্দিন সব সিদ্ধান্ত গ্রহণ করে। টাকা বাঁচানোর জন্য সে আসমাকে এক সম্পদশালী বৃদ্ধের সাথে বিয়ে ঠিক করে। কিন্তু এর প্রতিবাদ করে আসমার মা।

ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১

খ. হাতেম আলি শহরে এসেছিল কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'বহিপীর' নাটকের তৎকালীন পুরুষশাসিত সমাজব্যবস্থার প্রতিনিধিত্বকারী চরিত্রের বৈশিষ্ট্য নিরূপণ কর। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **প্রকৃতিতে বর্ষা কী নিয়ে আসে?**
ⓚ আশা ⓚ আনন্দ
ⓖ প্রশান্তি ⓖ প্রাণস্পন্দন

২. **হযরত মুহম্মদ (স.) এর বাণী কোনটি?**
ⓚ আমি তোমাদের মত সাধারণ নই
ⓚ আমি মরণশীল নই
ⓖ আমি একজন অতিমানব
ⓖ আমি তোমাদেরই মত একজন মানুষ

৩. **'আমি চলে যাব' বলে কবি কোথায় চলে যাওয়ার কথা বলেছেন?**
ⓚ গ্রামে ⓚ শহরে
ⓖ পরপারে ⓖ বিদেশে

৪. **মস্ত শব্দটি 'দেনাপাওনা' গল্পে কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
ⓚ উপাধি ⓚ বিস্তৃত
ⓖ উচ্চ ⓖ বিরাট

৫. **রামসুন্দর মিত্রের কয় ছেলের পর এক কন্যা জন্মে?**
ⓚ তিন ⓚ চার
ⓖ পাঁচ ⓖ ছয়

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:**

'জগৎ জুড়ে এক জাতি আছে সে জাতির নাম মানুষ জাতি' মানুষের চেয়ে বড় কিছু হতে পারে না। মানুষের জন্য ধর্ম, ধর্মের জন্য মানুষ নয়। যেখানে মানুষকে ঘৃনা করা হয় সেখানে ধর্ম থাকে না।

৬. **উদ্দীপকে 'মানুষ' কবিতায় কোন ভাবটি ফুটে উঠেছে?**
ⓚ মানুষ বড় ⓚ ফেরেশতা বড়
ⓖ ইবলিশ বড় ⓖ আসমান বড়

৭. **যারা পবিত্র উপাসানালয়ের দরজা বন্ধ করে, তাদের ধ্বংসের জন্য কবি কাকে আহবান জানিয়েছেন?**
ⓚ কালাপাহাড় ⓚ পুরুত
ⓖ ইমাম ⓖ ঠাকুর

৮. **যে জাতির জ্ঞানের ভাণ্ডার শূন্য সে জাতির ধনের ভাঁড়েও কী?**
ⓚ পয়সা ⓚ টাকা
ⓖ রত্ন ⓖ ভবানী

৯. **প্রমথ চৌধুরী সম্পাদিত কোন পত্রিকাটি বাংলা সাহিত্যে চলতি ভাষারীতি প্রবর্তনের অগ্রনী ভূমিকা পালন করে?**
ⓚ ধূমকেতু ⓚ সবুজপত্র
ⓖ লাঙ্গল ⓖ ইত্তেফাক

১০. **শহরের বুকে ট্যাঙ্ক এলো—**
i. জলপাই রঙের
ii. দানবের মত
iii. চিৎকার করতে করতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii
ⓖ iii ⓖ i, ii ও iii

১১. **প্রবন্ধে কিসের আধিক্য থাকে?**
ⓚ গল্পের ⓚ তথ্যের
ⓖ সংলাপের ⓖ চরিত্রের

১২. **কার বাড়িতে আগুন লাগে?**
ⓚ বুধার ⓚ রাজাকারের
ⓖ আলির ⓖ কুন্তির

১৩. **কে নাটকের তিনটি ঐক্যের কথা বলেছেন?**
ⓚ প্লেটো ⓚ সেলিনা হোসেন
ⓖ এরিস্টোটল ⓖ শেক্সপিয়র

১৪. **ফররুখ আহমদ কোন জেলায় জন্মগ্রহণ করেন?**
ⓚ মাগুরা ⓚ মুন্সিগঞ্জ
ⓖ বগুড়া ⓖ ঢাকা

১৫. **আজ প্রতিশোধের মাধ্যমে কি হবে?**
ⓚ ভোজ ⓚ আনন্দ
ⓖ হত্যাযজ্ঞ ⓖ হোলিখেলা

১৬. **'নিজের বোঝা নিজে বইব'— বুধার এ বক্তব্যে ফুটে উঠে—**
ⓚ সাহস ⓚ আত্মবিশ্বাস
ⓖ দেশপ্রেম ⓖ বুদ্ধি

১৭. **বাংলা ভাষার শব্দের শতকরা কতটি তৎসম শব্দ?**
ⓚ বিয়াল্লিশ ⓚ তেতাল্লিশ
ⓖ চুয়াল্লিশ ⓖ পঁয়তাল্লিশ

Teachingbd.com

১৮. 'অন্ধবধূ' কবিতার মূল ভাবের সাথে সংশ্লিষ্ট রয়েছে—
i. অন্ধবধূর একাকিত্ব
ii. অন্ধত্বের কষ্ট
iii. স্বামীর ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. তাহেরার মতে পীর সাহেব—
ক বুদ্ধিমান খ ভন্ড
গ অর্থলোভী ঘ বোকা

২০. 'ধুকধুকি' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক কণ্ঠহার খ ধুতি
গ জানু ঘ লকেট

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:**
তিনি 'শিখা' পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন। তার গদ্যে প্রমথ চৌধুরীর প্রভাব লক্ষনীয়। তাঁর রচিত প্রবন্ধ গ্রন্থটি তাঁর মৃত্যুর পর প্রকাশিত হয়।

২১. কে 'শিখা' পত্রিকার সঙ্গে জড়িত ছিলেন?
ক প্রমথ চৌধুরী
খ মোতাহের হোসেন চৌধুরী
গ কাজী মোতাহার হোসেন
ঘ মোহাম্মদ ওয়াজেদ আলী

২২. মৃত্যুর পর প্রকাশিত গ্রন্থটি হল—
i. সভ্যতা
ii. সুখ
iii. সংস্কৃতি কথা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ iii ঘ ii ও iii

২৩. 'আমার পরিচয়' কবিতায় উল্লেখিত নদীর সংখ্যা কত?
ক ১২০০ খ ১৩০০
গ ১৪০০ ঘ ১৫০০

২৪. কোন আইনের ফলে হাতেম আলির জমিদারি নিলামে উঠেছে?
ক সূর্যোদয়ের আইন খ ফৌজদারি আইন
গ দেওয়ানি আইন ঘ সূর্যাস্ত আইন

২৫. 'কাকতাড়ুয়া' উপন্যাস কোন পটভূমিতে রচিত?
ক মুক্তিযুদ্ধ
খ গণ-আন্দোলন
গ ভাষা আন্দোলন
ঘ সিপাহী আন্দোলন

২৬. আত্মিক মৃত্যু বলতে লেখক বুঝিয়েছেন—
i. স্বাভাবিক মৃত্যু
ii. নৈতিক অধঃপতন
iii. মূল্যবোধের অবক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. 'চলে মুসাফির' জসীমউদ্দীনের কোন ধরনের রচনা?
ক কাব্য খ মহাকাব্য
গ উপন্যাস ঘ ভ্রমণ কাহিনী

২৮. অর্থ চিন্তার নিগড় থেকে মুক্তি লাভের প্রচেষ্টা, শিক্ষার কোন দিকের বৈশিষ্ট্য?
ক প্রয়োজনের দিকের
খ অপ্রয়োজনের দিকের
গ মৌলিক দিকের
ঘ সামগ্রিক দিকের

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
"আপামর জনতার সামনে যিনি সেদিন এসে দাঁড়িয়েছিলেন তিনি বাঙালির বড় প্রিয় মানুষ, বাঙালির শিকড় থেকে জেগে ওঠা এক বিদ্রোহী নেতা।

২৯. উদ্দীপকে কার কথা বলা হয়েছে?
ক শেখ মুজিবুর রহমান
খ কাজী নজরুল ইসলাম
গ রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ হুমায়ুন আজাদ

৩০. বিদ্রোহী শ্রোতা কোথায় বসে আছে?
ক গুলিস্তানে
খ মতিঝিলে
গ চায়ের দোকানে
ঘ রেসকোর্সে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd.com